

OFFICE OF THE  
**BALURGHAT MUNICIPALITY**



SOVA MAJUMDER SARANI

PH. NO : 03522 – 255450 / 255680 / 256930 / 255649 / 256931 / 255655

<<< FAX – 03522 – 255649 >>>



e-mail – [bmpality@gmail.com](mailto:bmpality@gmail.com) / [amrut.balurghat.wb@gmail.com](mailto:amrut.balurghat.wb@gmail.com)

website : [www.balurghatmunicipality.org](http://www.balurghatmunicipality.org)

Memo No. 1410/G-8

বিজ্ঞপ্তি

Date : 13/10/2020



বিষয় :- শারদ সন্মান ২০২০

রোগ ও দূষনমুক্ত পৃথিবী এবং জঞ্জাল মুক্ত শহর গড়ে তোলার লক্ষ্যে বালুরঘাট পৌরসভার উদ্যোগে প্রতি বছরের মত এবারও শারদ সন্মান ২০২০ প্রদান করা হবে। এই বছর প্রতিযোগিতায় অংশ নিতে ক্লাব/সংগঠনকে করোনা (COVID-19) বিধি অনুযায়ী পরিবেশ বান্ধব উপকরণ দিয়ে প্রতিমা, মন্ডপ তৈরী করতে হবে এবং অন্যান্য আয়োজন করতে হবে। নির্দিষ্ট ফর্মে আবেদন পত্র ১৯শে অক্টোবর ২০২০ বিকাল ৫:৩০এর মধ্যে পৌর-অফিসে জমা করতে হবে।

আবেদন করার নিয়মাবলী

- ১) রাজ্য সরকারের দুর্গাপূজা ২০২০ সংক্রান্ত নিয়মাবলী (General Guideline for Durga Puja 2020- Vide Memo No. 319-CS/2020, Date-28/09/2020) মেনে চলতে হবে।
- ২) প্রত্যেক দর্শনাথীকে মাস্ক পড়ে পূজা মন্ডপে নির্দিষ্ট দূরত্ব মেনে প্রবেশ করতে হবে এবং মন্ডপে সানিটাইজার ও মাস্ক রাখতে হবে। প্রবেশ এবং প্রস্থান-এর পথ আলাদা রাখতে হবে।
- ৩) পূজা মন্ডপ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে, আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলতে হবে এবং মন্ডপের তিনদিক খোলা থাকবে।
- ৪) প্রতিমা সহ অন্যান্য কাজে পলিথিন, ৫০ মাইক্রনের নীচে প্লাস্টিক ও থার্মোকলের সামগ্রী ব্যবহার করা যাবেনা।
- ৫) পূজা মন্ডপের আশেপাশের রাস্তা ও ড্রেন পরিষ্কার রাখতে হবে।
- ৬) গাছ/বৃক্ষ রোপনের উদ্যোগ নিতে হবে এবং এই বিষয়ে প্রচার করতে হবে।
- ৭) নির্দিষ্ট মাত্রায় মাইক এবং বাদ্যযন্ত্র বাজাতে হবে।
- ৮) ডেস্কু ও পতঙ্গ বাহিত রোগ প্রতিরোধে সচেতন বার্তার উপর পোস্টার ব্যানার ইত্যাদি করতে হবে।
- ৯) রাজ্য সরকারের নির্দিষ্ট আইন অনুযায়ী পূজার অনুমোদন পত্র নিতে হবে এবং আইন অনুযায়ী পূজা করতে হবে।
- ১০) অগ্নি নির্বাপণ ব্যবস্থা রাখতে হবে।



*সোভা মজুমদার*

কার্যনির্বাহী আধিকারিক  
বালুরঘাট পৌরসভা

